গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd

## মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরের উপকারভোগীর তালিকা অনুমোদন সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : এ.বি.এম. সারোয়ার রাব্বী, উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
তারিখ : ২৪/০৫/২০২৬খ্রি. সময়: সকাল- ১১:৪০ঘটিকা
স্থান : উপজেলা কবি নজরুল মিলনায়তন, উপজেলা পরিষদ, মুরাদনগর, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের স্বাক্ষর: পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন সংশোধণী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

উপজেলা মা ও শিশু সহায়তা কমিটির সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য স্মারক নং: ৩২.০১.০০০০.০১২.০১৬.৭৬.২০-৬০৬; তারিখ: ২৯/০৭/২০২৫খ্রি. মোতাবেক প্রতি ইউনিয়ন ভিত্তিক মাসে ১০ (দশ) জন করে বরাদ্দ পাওয়া গিয়েছে। সদর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক উপকারভোগীর অনলাইন আবেদনের জন্য ইউনিয়নের উদ্যোক্তাগণকে ইউজার আইডি ও পাসওয়ার্ড দেওয়া হয়েছে। ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে উপকারভোগীদের অনলাইন আবেদন কার্য সম্পন্ন করে বরাদ্দ পত্রানুযায়ী ইউনিয়ন কমিটি হতে তালিকা প্রেরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এর স্মারক নং: ৩২.০১.১৯৮১.০০০.১৬.০৫৫.২০-৯৭; তারিখ: ০৪/০৮/২০২৫খ্রি. মোতাবেক ভাতাভোগী নির্বাচনের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রেরিত পত্র মোতাবেক ইউনিয়ন কমিটি হতে অনলাইন আবেদনসহ কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে নির্ধারিত কোটানুযায়ী মে/২৬খ্রি. মাসে ইউনিয়ন হইতে অনলাইন আবেদনের তালিকা পাওয়া যায়। ইউনিয়ন হতে নির্ধারিত কোটানুযায়ী প্রাপ্ত তালিকা পর্যালোচনা পূর্বক যাচাই-বাছাই করে উপজেলা কমিটিতে অনুমোদন করা প্রয়োজন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ইউনিয়ন কমিটির তালিকা যাচাই-বাছাই করে নীতিমালা অনুযায়ী সঠিক পাওয়া যায় বলে মত প্রকাশ করেন। তালিকা উপজেলা কমিটির অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে নীতিমালার শর্তগুলোর বাহিরে কোনো উপকারভোগী পাওয়া গেলে তাৎক্ষণিক তালিকাভোক্তী হতে বাতিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

সভাপতি মা ও শিশু সহায়তা কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২৬

এ.বি.এম. সারোয়ার রাব্বী
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কমিটি
মুরাদনগর, কুমিল্লা।
ই-মেইল: unomuradnagar1@gmail.com

২৪/০৫/২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.dwamuradnagar.comilla.gov.bd

স্মারক নং: ৩২.০১.১৯৮১.০০০.০৬.০০৩.২০-৯২ তারিখ: ২৪/০৫/২০২৬খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা
০২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা
০৪। উপজেলা.......................কর্মকর্তা ও তদারকি কর্মকর্তা....................... ইউনিয়ন, মুরাদনগর, কুমিল্লা
০৫। চেয়ারম্যান................ইউনিয়ন, মুরাদনগর, কুমিল্লা
০৬। জনাব...................................................মুরাদনগর, কুমিল্লা
০৭। অফিস কপি।

২৪/০৫/২০২৬

মোহাম্মদ আবদুল আউয়াল খন্দকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা মা ও শিশু সহায়তা কমিটি
মুরাদনগর, কুমিল্লা
ই-মেইল: uwaomurad2017@gmail.com

২৪/০৫/২৬